# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 MAY | No. 3


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৭৫:১-৯

১। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি, আমরা তোমার প্রশংসা করি , কারণ তুমি নিকটবর্তী; লোকেরা তোমার আশ্চর্য ক্রিয়াকলাপ বর্ণনা করে।

২। ঈশ্বর বলেন, "আমার নির্ধারিত সময়ে দুষ্টদের বিরুদ্ধে আমি ন্যায়বিচার করব।

৩। যখন পৃথিবী কাঁপে এবং সব মানুষ অশান্তিতে বাঁচে, আমি তার সকল স্তম্ভ সুদৃঢ় রাখি।

৪। আমি দাম্ভিককে সতর্ক করি, অহংকার কোরো না, দুষ্টকে বলি, 'তোমার শিং উঁচু কোরো না;

৫। স্বর্গের বিরুদ্ধে তোমার শিং উঁচু কোরো না;এত উদ্ধত ভাবে কথা বোলো না।

৬। কেউ, পূর্ব বা পশ্চিম থেকে, অথবা মরুভূমি থেকে, নিজেকে উন্নত করতে পারে না।

৭। ঈশ্বর একমাত্র বিচার করেন: তিনি কাউকে নত করেন বা কাউকে উন্নীত করেন।

৮। সদাপ্রভুর হাতে এক পানপাত্র আছে, যা মশলা মিশ্রিত ফেনিয়ে ওঠা সুরাতে পূর্ণ; তিনি তা ঢেলে দেন, আর পৃথিবীর সমস্ত দুষ্টলোক পাত্রের তলানি পর্যন্ত পান করে।

৯। কিন্তু আমি একথা চিরকাল ঘোষণা করে যাব; যাকোবের ঈশ্বরের উদ্দেশে স্তুতিগান করব।

# আমাদের সদাপ্রভুর মাতৃসুলভ হৃদয়



## যেভাবে মা তার শিশুকে সান্ত্বনা দেয়, তেমনই আমি তোমাদের সান্ত্বনা দেব — যিশাইয় ৬৬:১৩

*অনারারী এডিটর-ইন-চীফ, রেভা. অ্যাঞ্জেলীন সেলভাকুমারী*



আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের শুভেচ্ছা জানাই, যিনি আমাদের স্বর্গীয় আশীর্ব্বাদে আশীর্ব্বাদ করেন। এই মাসটির একটি বিশেষ তাৎপর্য আছে যেহেতু আহ্বানের প্রতিধবনি সারা পৃথিবীর মায়েদের শুভ মাতৃ দিবসের আন্তরিকভাবে শুভেচ্ছা জানাচ্ছে। যখন এই ধরণের অনুষ্ঠান অসংখ্য ব্যক্তির কাছে আনন্দ নিয়ে আসে, তখন অন্য কয়েক জন ব্যক্তির মধ্যে দুঃখের অনুভূতি নিয়ে আসে। "আমি একজন মা নই, কেন আমি এটা পড়তে যাবো," এই কথাটি চিন্তা করে, এই বার্তাটি বাতিল করার আগে এই বিষয়টি বিবেচনা করুন: মাতৃদিবস উদ্‌যাপনের বিষয়টি সেই সমস্ত ব্যক্তির জন্য যারা মাতৃত্বের মানসিকতায় প্রতিপালন করার বিষয়টিকে অঙ্গীভূত করেছেন। আপনি পিতা, ভাই, কাকা, বোন অথবা মাসি যেই হন না কেন, আপনি যদি একজন মায়ের ভূমিকা এবং দায়িত্ব পালন করার বিষয় মনস্থ করে থাকেন, তাহলে আপনার ত্যাগপূর্ণ ভালোবাসা উদ্‌যাপন করা এবং আনন্দ করার জন্য এটি আপনার দিন।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858, 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call




**"ধার্মিকদের পরিত্রাণ সদাপ্রভুর কাছ থেকেই আসে; সঙ্কটকালে তিনিই তাদের আশ্রয় দুর্গ" — গীতসংহিতা ৩৭:৩৯**

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

**"আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতার প্রশংসা হোক!"** (১ পিতর ১:৩)

আপনাদের অবিচল প্রার্থনা এবং দৃঢ় সাহায্যের জন্য আমরা আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই। তাঁর কাজের প্রতি আপনাদের উদার এবং প্রতিশ্রুতিবদ্ধতার জন্য ঈশ্বর আপনাদের প্রচুররূপে আশীর্বাদ করুন।

এপ্রিলের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিত, 'শিশুদের জন্য ছুটিকালীন বাইবেল স্কুল' ঈশ্বরের প্রচুর আশীর্বাদসহ সন্দেহাতীত ভাবে সফল হয়েছিল। চীপক, ভেলাচেরী, বালাজি নগর, এবং সন্তোষপুরম সহ চেন্নাইয়ের বিভিন্ন পার্শ্ববর্তী এলাকাগুলি থেকে শতশত শিশুরা সাদরে আহূত হয়েছিল, তারা অত্যন্ত সতর্কভাবে পরিকল্পিত পাঠক্রমের মাধ্যমে পবিত্র শাস্ত্রের শিক্ষা দ্বারা সমৃদ্ধ হয়েছিল। আমরা সমস্ত জোগানের জন্য ঈশ্বরের প্রশংসা করি এবং যত জন উৎসর্গিকৃত ঈশ্বরের দাস এই কাজে ক্লান্তিহীনভাবে কাজ করেছিলেন তাদেরকে আমাদের গভীর ভালোবাসা জ্ঞাপন করি।

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ



পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী প্রকাশনার দল

লাইনের মধ্যে লেখা পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভুক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

যেহেতু আমরা সামনের মাসে পদার্পণ করতে চলেছি, সেহেতু আমাদের অত্যন্ত দ্রুততার সঙ্গে কাজ করতে হবে। এটা অত্যন্ত প্রয়োজন যে আমাদের পঞ্চাশজন গ্রাজুয়েটকে সাহায্য করতে হবে যারা আমাদের বাইবেল কলেজগুলি থেকে তাদের অধ্যয়ন শেষ করার জন্য প্রস্তুত হচ্ছে। এই একান্তভাবে নিবেদিত ব্যক্তিরা খুব শীঘ্রই দূরবর্তী এবং চ্যালেঞ্জিং এলাকাগুলিতে পরিচর্যার উদ্যোগ শুরু করবে। ১লা জুন,২০১৪, তারিখে গ্রাজুয়েশন অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে,যা তাদের আত্মিক যাত্রার ক্ষেত্রে একটি অর্থপূর্ণ মাইলস্টোন হিসাবে চিহ্নিত হবে। ইতিমধ্যে, ৩রা জুন, ২০২৪ তারিখে নহিমিয় বাইবেল কলেজের নতুন শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে।

আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** জন্য শিক্ষার্থীদের হিন্দি পড়া এবং লেখায় দক্ষতার চিহ্নিত করণের জন্য আমরা আপনাদের অবিরত প্রার্থনা বিনয়ের সঙ্গে কামনা করছি। এছাড়াও, এই পরিচর্যা কাজে অধিগৃহীত সমস্ত উদ্যোগগুলোর জন্য আমরা প্রভুর পরিচালনা এবং প্রতিবিধান কামনা করি। আসুন আমরা প্রার্থনায় ঐক্যবদ্ধ হই,আমাদের গ্রামীন উচ্চবিদ্যালয় এবং **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** শিক্ষার্থী এবং শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে ঈশ্বরের স্বর্গীয় হস্তক্ষেপ যাজ্ঞা করি।

বিভিন্ন চ্যালেঞ্জ, বাধা, এবং জরুরী প্রয়োজনগুলির সামনে, প্রার্থনার উপর নির্ভরশীলতা যে কোনও সময়ের থেকে অধিক জরুরী। কেবল ঈশ্বরের অনুগ্রহ এবং করুণার মাধ্যমেই প্রত্যেকটি বাধা জয় করতে পারার বিষয়টি অবগত হয়ে আমাদের পরিচর্যার পক্ষে আমরা আপনাদের অবিরত মধ্যস্থতাকারী প্রার্থনা আন্তরিকভাবে কামনা করি।

আমরা যখন আপনাদের আমাদের প্রার্থনায় তুলে ধরি,তখন ঈশ্বরও তাঁর সীমাহীন অনুগ্রহে আপনাদের পূর্ণ করুন। আমেন!

খ্রীষ্ট যীশুতে আপনাদের দাস,

**পাস্টর স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস্ স্যামসন স্যাম**
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— **পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

### ঈশ্বরের মাতৃসুলভ প্রেম

নিঃশর্ত ত্যাগপূর্ণ প্রেমের বিষয় গভীরভাবে বিবেচনা করার বিষয়টি আমাকে যীশু খ্রীষ্টের ভালোবাসার উপর প্রতিফলিত করার পথে চালিত করে, যিনি আমাদের পরিত্রাণের জন্য ক্রুশের উপর স্বেচ্ছায় তাঁর জীবন দিয়েছিলেন। তাঁর এই স্বার্থহীন কাজ, তাঁর জীবনের বলিদান,যাতে আমরা বাঁচতে পারি, এক অস্বাভাবিক ভালোবাসার প্রকৃষ্ট উদারণ। আমরা প্রায়ই যখন ঈশ্বরের ভালোবাসাকে পিতৃসুলভ ভালোবাসা হিসাবে অনুধাবন করি- পরিচালনা, সুরক্ষা এবং শাসন - শাস্ত্রে অসংখ্য ঘটনার ক্ষেত্রে ঈশ্বরের মাতৃসুলভ প্রেমের বিষয়টি চিত্রিত করা হয়েছে।



যিশাইয় ৬৬:১৩ পদে ঈশ্বরকে একজন সান্ত্বনা দানকারী মা রূপে বর্ণনা করা হয়েছে, এবং মথি২৩:৩৭ পদটিতে ঈশ্বরের প্রেমকে মায়ের ত্যাগপূর্ণ এবং নিঃশর্ত প্রেমের সঙ্গে তুলনা করা হয়েছে।

একদিকে আমরা কঠোর শৃঙ্খলা রক্ষাকারী, আমাদের সংশোধনকারী এবং শিক্ষা দানকারী হিসাবে ঈশ্বরের সম্মুখীন হই; অপর দিকে, আমরা একজন প্রতিপালনকারী মা রূপে তাঁর সাক্ষী হই, যিনি আমাদের সমস্ত দুর্বলতাগুলো ঢেকে দেন, এবং কোনও বিচার না করে আমাদের পুষ্টিবিধান করেন।

এই বিশেষ দিনে, আমি প্রার্থনা করি যাতে ঈশ্বর আপনাকে তাঁর মাতৃস্বরূপ স্নেহে পরিবেষ্টিত করেন, অবিরত সাহায্য এবং সঙ্গ দেন, বিশেষ করে নিঃসঙ্গ দিনগুলোতে। তাঁর উপস্থিতি আপনাকে পুনরায় আশ্বস্ত করুক, আপনার পথের প্রত্যেকটি পদক্ষেপে তাঁর নিঃশর্ত ভালোবাসাসহ আপনাকে সান্ত্বনা দিক।

### বাইবেলের মায়েরা

ঈশ্বরের মাতৃত্বসুলভ গুণাবলীর উপর গভীর বিবেচনা, আমার চিন্তা ভাবনাকে বাইবেলের বেশ কয়েকজন মায়ের দিকে আকৃষ্ট করেছিল যারা চ্যালেঞ্জিং পরিস্থিতিগুলির মধ্যে তাদের পরিবারগুলো প্রতিপালনে ব্যতিক্রমী বীরত্বপূর্ণ সহিষ্ণুতা দেখিয়েছিলেন। তাদের মধ্যে এক জন অত্যন্ত বিশিষ্ট: হাগার।

### হাগার কে ছিলেন?

অনেকেই হাগারের গল্পটির সঙ্গে পরিচিত থাকতে পারেন, কিন্তু যাদের জানা নেই, তাদের সঙ্গে আমি পরিচয় করিয়ে দিতে চাই। হাগার নামটির অর্থ হচ্ছে "পরিত্যক্ত" অথবা "পালিয়ে যাওয়া", যা অখ্যাতির জীবনের একটি আদর্শরূপ, স্বীকৃতি বর্জিত এবং প্রায়ই উপহাসের শিকার। মূলত মিশর থেকে আসা একজন ক্রীতদাসী, যিনি অব্রাহাম এবং সারার পরিবারের দাসী ছিলেন, যে দম্পতির কোনও সন্তান ছিল না। হঠাৎ, সারা, অপ্রত্যাশিত

### অনুগ্রহ করে প্রার্থনা করুন!

**২০২৪ সালের এপ্রিল এবং মে মাসের গ্রীষ্মের ছুটিতে আমাদের পরিচর্যা সারাদেশে বাইবেল স্কুল পরিচালনা করবে। আমাদের আপনাদের প্রার্থনার একান্ত প্রয়োজন।**

— **সম্পাদক**

ভাবে, সন্তানের আশায় তাঁর সঙ্গে অব্রাহামের বিবাহ দিয়েছিলেন। হাগারের মর্যাদা একজন নিচু দাসী থেকে ঘরের দ্বিতীয় সবচেয়ে গুরুত্বপূর্ণ মহিলাতে রূপান্তরিত হয়েছিল। পরবর্তীকালে, তিনি গর্ভধারণ করেন এবং একটি পুত্র ইসমাইলের জন্ম দেন, যা তার মর্যাদাকে আরও উন্নত করে। হাগার নিশ্চয়ই তাঁর এই নতুন গুরুত্বে গর্বিত হয়েছিল, বিশেষ করে অব্রাহামের প্রথম স্ত্রী সারার প্রতি তার আচরণ এবং পারস্পরিক ব্যবহারে তা স্পষ্টভাবে ফুটে ওঠে। অব্রাহামও, সম্ভবত তার উত্তরাধিকার চালিয়ে যাওয়ার জন্য একজন উত্তরাধিকারী পাওয়ার প্রত্যাশায় আনন্দিত ছিলেন, কিন্তু ঈশ্বর যে তার বংশের জন্য বিভিন্ন পরিকল্পনা পোষণ করেছেন সেই বিষয়ে তিনি সচেতন ছিলেন না। যাইহোক, সারার প্রতি সমবেদনা নিয়ে হাগারের মনোভাব তাদের সম্পর্ককে তিক্ত করেছিল। সারার বিরক্তি বৃদ্ধি পায়, যার ফলে হাগারের প্রতি তিনি দুর্ব্যহার করতে থাকেন। অবশেষে, যখন সারা ঈশ্বরের প্রতিশ্রুতি অনুসারে একটি পুত্রের জন্ম দেয়, তখন সে হাগারের পুত্রের সঙ্গে তাঁর পুত্র, ইসহাকের উত্তরাধিকার ভাগ করে নেওয়ার ধারণা থেকে সরে আসে। যার ফলস্বরূপ, সারা হাগার এবং ইশ্মাইলকে বিতাড়িত করার জন্য অব্রাহামের উপর চাপ সৃষ্টি করেন। এইভাবে, হাগার তাঁর স্বামীর দ্বারা পরিত্যক্ত হয়ে প্রান্তরে এসে দাঁড়ায়, যার ফলে তার নামের প্রকৃত অর্থটি প্রতিধ্বনিত হয়। নিঃসঙ্গ এবং নিঃস্ব হয়ে, তিনি তাঁর পুত্র, ইশ্মায়েলের সাথে ঘুরে বেড়াতেন, বাইবেলের বর্ণনায় মায়েদের যে কঠিন পরীক্ষাগুলোর সম্মুখীন হতে হয়েছিল, হাগার তার একটি মর্মান্তিক প্রমাণ।

## ২। অনিচ্ছুক অংশগ্রহণকারী-হাগার !

অব্রাহামের সঙ্গে বিবাহের বিষয় কেউ তার মতামত নেয়নি, কেউ তার কাছে জিজ্ঞাসাও করেনি যে সে তাঁর কাছ থেকে চলে যাবে কিনা। সারা জীবন তাকে কী করতে হবে সেই বিষয় অন্য কেউ বলে দিয়েছিল, তিনি ছিলেন এক অনিচ্ছুক অংশগ্রহণকারী। আমাদের মধ্যে কত জন আমরা এই অনিচ্ছুক অংশগ্রহণকারী হওয়ার অনুভূতিকে গুরুত্ব দিই? হাগারের ব্যক্তিস্বাধীনতার অভাব খুবই স্পষ্ট - তাঁর নিজের মতামত প্রকাশের কোনও অধিকার ছিল না। একজন পুরুষ অথবা একজন স্ত্রীলোক, বিলাপ করতে পারে, "আমার জীবনের সমস্ত সিদ্ধান্তগুলি অন্য কেউ তৈরী করেছে; কেউ আমার নিজের ইচ্ছা আকাঙ্খার কথা জানতে চায়নি। এখন আমি এমন একটি জীবনযাপন করছি যা অন্যদের সিদ্ধান্তের দ্বারা গঠিত হয়েছে।

প্রিয় বন্ধুগণ, বাইবেল আমাদের নিশ্চয়তা দিয়েছে যে আমরা যদি ঈশ্বরের উপর আমাদের আস্থা রাখি তাহলে "সমস্ত কিছু মঙ্গলের জন্য হবে"। যদিও এটি এখন বোঝার অসাধ্য বলে মনে হচ্ছে, ঈশ্বরের সম্মতি ছাড়া কোনও কিছু ঘটে না। তাঁর এতো অধিক ক্ষমতা আছে যে তিনি এমনকি শোচনীয় পরিস্থিতিগুলিকেও আমাদের জন্য লাভজনক পরিস্থিতিতে রূপান্তরিত করতে পারেন। প্রভু যীশু খ্রীষ্ট এই ধরণের সর্বশক্তিমান- তিনি যে কোনও পরিস্থিতিকে আমাদের অনুকুলে পরিবর্তিত করতে পারেন। ঈশ্বর আমাদের জন্য কী মনোনীত করেছেন, হাগারের মতো আমরা তা উপলব্ধি করতে না পারলেও, আমরা যদি তাঁর কাছে নিজেদের সমর্পণ করি তাহলে তিনি আমাদের অনুকুলে সমস্ত কিছু এক সঙ্গে সম্পাদন করেন। গীত ৩১:১৫ পদে যেমন বলা হয়েছে, তাঁর হাতের উপর আমাদের ভবিষ্যত নিহিত। সেই কারণে, আপনি যদি নিজেকে হাগারের মতো মরুভূমির মধ্যে দেখেন, সামনে কি আছে সেই বিষয় অনিশ্চিত হন, অথবা আপনি যদি আপনার ভবিষ্যত সম্পর্কে একেবারেই ওয়াকিবহাল না হতে পারেন, তাহলে সান্ত্বনা লাভ করুন। মনে রাখবেন সমস্ত কিছু ঈশ্বরের নিয়ন্ত্রণাধীন; তিনি আপনাকে পথ দেখাবেন। সরলভাবে শক্ত করে তাঁর হাত ধরুন এবং হাগারের উদাহরণ প্রতিবিম্বিত করে তাঁর কাছে আপনার ইচ্ছা সমর্পণ করুন।



মরুভূমিতে হাগার এবং তার পুত্র

(ক্রমশঃ, ৬ পাতায়)

NEHEMIAH BIBLE
RESIDENTIAL / EVENING COLLEGE,
Velachery / Chepauk & Santhoshapuram, Chennai.
Medium : Hindi / Tamil
Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years
Qualification : 10th Standard & above
Certificate in Ministry
Diploma in Theology
Rush for Admission!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
* ONLINE CLASSES ARE AVAILABLE *

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে মে থেকে ১৮ই জুন, ২০২৪)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

মে ১৯ : আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২০:** আমাদের সমস্ত অনুবাদক, সহযোগী সম্পাদক, সমন্বয়সাধনকারী এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২১:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ২২:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৩:** আমাদের **বাইবেল করেসপণ্ডেস কোর্স** এবং **থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের** বৃদ্ধির জন্য।

**দিন ২৪:** আমাদের পরিচর্যার সমস্ত প্রয়োজনগুলি আশ্চর্যভাবে পূরণ করার জন্য কৃতজ্ঞতা স্বীকার করি।

**দিন ২৫:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির সমস্ত সদস্যদের জন্য আশীর্ব্বাদ কামনা করি।

**দিন ২৬:** বিভিন্ন বিশৃঙ্খলা এবং যুদ্ধের আশঙ্কার মধ্যে পৃথিবীর সমস্ত দেশগুলির জন্য স্বর্গীয় সুরক্ষা যাচ্ঞা করি।

**দিন ২৭:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতা সত্ত্বেও আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলি সফলভাবে উন্নতি লাভ করছে।

**দিন ২৮:** সমাজের সমস্ত ক্ষেত্রে মহিলাদের ক্ষমতা বৃদ্ধির জন্য সওয়াল করুন।

**দিন ২৯:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলকে উত্তম শিক্ষক/শিক্ষিকা এবং প্রিন্সিপাল দিয়ে আশীর্ব্বাদ করার জন্য

**দিন ৩০:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীর পালকদের এবং বরিষ্ঠ নেতাদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ৩১:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের রক্ষা করার জন্য।

**জুন ০১:** আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজে নতুন শিক্ষার্থী দানের জন্য।

**দিন ০২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর দক্ষ কর্মীদের আত্মোৎসর্গের জন্য।

**দিন ০৩:** আমাদের পাঁচ মিনিটের ইউটিউব বাণী প্রচারের সাবস্ক্রাইবার এবং সাক্ষ্যের সংখ্যা বৃদ্ধির জন্য আনন্দ করুন।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** যুবকদের মধ্যে হিংসাত্মক কার্যাবলী এবং হত্যার মন্দ আত্মা থেকে উদ্ধারের জন্য এবং তাদেরকে পবিত্র আত্মায় পূর্ণ করার জন্য।

**দিন ৫:** সমস্ত পরিবারগুলিতে শান্তি বিরাজ করার জন্য

**দিন ৬:** সারা পৃথিবীর খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির সুনাম বৃদ্ধির জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** খ্রীষ্টানরা যেন ঈশ্বরের বাক্যকে অঙ্গীভূত করেন এবং খ্রীষ্টের মতো চরিত্র গড়ে তোলেন।

**দিন ৮:** আমাদের পরিচর্যার সম্প্রসারণ এবং সুসমাচারের বিশ্ব সম্প্রসারণ

**দিন ৯:** আমাদের বরিষ্ঠ পালকের আত্মজীবনীর সাফল্যের জন্য।

**দিন ১০:** সমস্ত মণ্ডলীগুলির মধ্যে পরশ্রীকাতরতার শক্তির বিরুদ্ধে স্বর্গীয় সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** বিভিন্ন দেশগুলির মধ্যে শান্তি এবং আর্থিক উন্নতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রচার করার জন্য আমাদের শক্তিশালী করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** আমাদের পরিচর্যাগুলি যে বিভিন্ন বিষয়ে এবং বিভিন্ন দিক থেকে সম্প্রসারিত হতে পারে।

**দিন ১৪:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলিকে আশীর্ব্বাদ এবং সুরক্ষা দানের জন্য

**দিন ১৫:** ২০২৪-২৫ শিক্ষাবর্ষে, আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজে** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন

**দিন ১৭:** আমাদের যে সমর্থকরা, শুভ চিন্তাকারীরা, এবং বন্ধুরা, তাদের প্রার্থনা এবং আর্থিক সাহায্যের মাধ্যমে আমাদের পরিচর্যাগুলিকে টিকিয়ে রেখেছেন তাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** পৃথিবীতে তাঁর রাজ্যের আরও অগ্রগতির জন্য তিনি যেন আমাদের আরও অসংখ্য দর্শন দেন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

বাইবেলের আদিপুস্তকের ২১:১৪ পদে পুনরায় বর্ণনা করা হয়েছে, **"পরদিন ভোরবেলায় অব্রাহাম কিছু খাবার ও এক মশক জল নিয়ে সেগুলি হাগারকে দিলেন। তিনি সেগুলি হাগারের কাঁধে চাপিয়ে দিয়ে তাকে সেই ছেলেটি সমতে বিদায় করে দিলেন। হাগার প্রস্থান করল এবং বের-শেবার মরুভূমিতে ইতস্তত ঘুরে ফিরে বেড়াচ্ছিল।"** অব্রাহাম, একজন ধনবান ব্যক্তি হয়েও, বিস্ময়করভাবে মাত্র কিছু খাদ্য এবং এক মশক জল দিয়েছিলেন। একজন ব্যক্তি তাঁর কাছে আরও অধিক কিছুটা উদারতাপূর্ণ জোগানের প্রত্যাশা করতে পারে- সম্ভবত তিনি কয়েক জন দাসকে এবং আরও কিছু খাবার দিয়ে হাগারকে প্রেরণ করতে পারতেন। যাইহোক, তিনি তা করেননি। সম্ভবত অব্রাহামের অভিপ্রায় ছিল তার সমস্ত প্রয়োজনের জোগানদাতা এবং আশ্রয়দাতা হিসাবে হাগার যেন ঈশ্বরের অভিজ্ঞতা লাভ করে, যদিও তাঁর অভিপ্রায় স্পষ্ট নয়।

হাগার পরিত্যক্ত এবং নিঃসঙ্গ হয়েছিলেন, মরু প্রান্তরে একক মা হিসাবে তাঁর পুত্রকে প্রতিপালন করার মারাত্মক কাজের সম্মুখীন হয়েছিলেন। অবলম্বন হিসাবে তাঁর কাছে কোন আর্থিক সাহায্য অথবা পরিবার ছিল না, তাঁকে প্রচণ্ড কষ্ট সহ্য করতে হয়েছিল। বাইবেলে বলা হয়েছে - **"কারণ তোমার নির্মাতাই তোমার স্বামী— সর্বশক্তিমান সদাপ্রভু তাঁর নাম— ইস্রায়েলের সেই পবিত্রতম জন তোমার মুক্তিদাতা"** (যিশাইয় ৫৪:৫)। বাইবেল এ ধরণের মহিলাদের নিশ্চয়তা দিচ্ছে যে ঈশ্বর তাদের স্বামী এবং জোগানদাতা, যিনি সান্ত্বনা এবং উৎসাহ দেন।

## ৩। হাগার এবং তার পুত্র

হাগার এবং তাঁর পুত্র, উভয়ের কাছেই এই ভয়ানক কষ্ট নিঃসন্দেহে তাদের শেষ করে দিচ্ছিল, তার পুত্র মুমূর্ষু হয়ে পড়েছিল। হাগারের কাছে তার পুত্রের এই নিদারুণ মৃত্যু দেখার বিষয়টি অত্যন্ত হৃদয়বিদারক ছিল। আদি ২১:১৬ পদে, লেখা আছে, **"আমি নিজের চোখে ছেলেটির মৃত্যুদৃশ্য দেখতে পারব না।"**



*Hagar wept for her son*

তার পুত্রকে জীবিত রাখার জন্য তিনি বেপরোয়া ভাবে কাঁদছিলেন, তথাপি তিনি সম্পূর্ণ শক্তিহীন হয়ে পড়েছিলেন। একবার আপনার প্রিয় জিনিসকে আপনার হাত থেকে পিছলিয়ে পড়ে যাওয়ার নিদারুণ যন্ত্রণার বিষয়টি কল্পনা করুন। তার অন্ধকারতম মুহূর্তে, হাগার সদাপ্রভুর প্রতি ফিরেছিলেন, সাহায্য এবং সান্ত্বনার জন্য তিনি ক্রন্দন করেছিলেন।

একজন মায়ের সুন্দর চারিত্রিক গুণগুলি নিয়ে গভীরভাবে আলোচনার মধ্যে, আমরা দেখতে পাই কীভাবে তাদের পুত্রদের কাছে আশীর্বাদের চ্যানেল হওয়ার জন্য ঈশ্বর মায়েদের নিযুক্ত করেন।

## একজন মায়ের তার পুত্রের জন্য ঈশ্বরের কাছে ঐকান্তিক আবেদন

### *(ক) একজন মা যখন ক্রন্দন করেছিলেন, তখন ঈশ্বর তাঁর পুত্রের জরুরী প্রয়োজনের বিষয়টি উপলব্ধি করেছিলেন!*

১৭ পদে, যখন তাদের জল সরবরাহ একদম কমেগিয়েছিল, তখন হাগার এবং তার পুত্র, উভয়ের শক্তি ফুরিয়ে গিয়েছিল, তারা হতাশায় নিমজ্জিত হয়েছিল। হাগার নিদারুণ যন্ত্রণায় বিহ্বল হয়েগিয়েছিলেন, তাঁর পুত্রকে এইভাবে মৃত্যুর কোলে ঢলে পড়তে দেখা সহ্য করতে পারছিলেন না। তারা মরুপ্রান্তরে উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা করছিলেন, তাদের কাছে ভবিষ্যতের পথ এবং আশা হারিয়ে ফেলেছিলেন। যেহেতু তাদের খাদ্য ফুরিয়ে গিয়েছিল, সেহেতু তার পুত্রের মৃত্যুর ভয়াবহ আশঙ্কা অসহ্য হয়েছিল।

**পরে সে একটু দূরে, প্রায় ১০০ মিটার দূরে গিয়ে বসে পড়ল, কারণ সে ভাবল, 'আমি নিজের চোখে ছেলেটির মৃত্যুদৃশ্য দেখতে পারব না।' আর সেখানে বসে সে ফোঁপাতে শুরু করল।** (আদি ২১:১৬)

একজন মা যখন ক্রন্দন করে, ঈশ্বর তখন তাঁর সন্তানের দুর্দশা লক্ষ করেন। আমাদের প্রার্থনার মাধ্যমে, ঈশ্বর কেবল শোনেন না কিন্তু তিনি আমাদের চোখের জল দেখেন এবং আমাদের নিদারুণ মানসিক এবং শারীরিক যন্ত্রণা অনুভব করেন। প্রত্যেকটি চোখের জলের ফোঁটা ঈশ্বরের বোতলে সংরক্ষিত হয় (গীত ৫৬:৮)। মায়েরা যেহেতু তাদের সন্তানদের জন্য প্রার্থনা করে এবং মধ্যস্থতা করে, ঈশ্বর তাদের প্রয়োজনগুলি পূরণ করেন। বাইবেল যখন "বালকটির ক্রন্দন" ঈশ্বরের শ্রবণের বিষয়টি বর্ণনা করে, তখন সেটা হচ্ছে মায়ের ক্রন্দন যা ঈশ্বরের সাড়াদানকে ত্বরান্বিত করেছিল। ঈশ্বর কেবল হাগারের মতো শ্রবণযোগ্য ক্রন্দনেরই সাড়া দেন না, তিনি ইশ্মায়েলের মতো নীরব বিনতিরও সাড়া দেন।

(ক্রমশঃ, ৯ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজ

## গ্রাজুয়েশন সার্ভিস, ২০২৩-২০২৪

## স্থান: বিকেএন হল, ভেপেরি, চেন্নাই - ০৭

## তারিখ: ১লা জুন ২০২৪ (শনিবার)

প্রায় ৫০ জন শিক্ষার্থী তাদের অধ্যয়ন সমাপ্ত করেছেন এবং তাদেরকে মিশনক্ষেত্রগুলিতে পাঠানো হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে তামিল এবং হিন্দি পাঠক্রমে আমাদের ৭৫ জন শিক্ষার্থীর প্রয়োজন। অনুগ্রহ করে এই অনুরোধের জন্য প্রার্থনা করুন। পরবর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের জন্য ভর্তি চলিতেছে।

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## যীশু খ্রীষ্টে আমাদের এক অপূর্ব বন্ধু আছেন !

### আমি জানি যে আমার মুক্তিদাতা জীবিত আছেন — ইয়োব ১৯:২৫

আমার পরিচর্যার আগেকার দিনগুলিতে , আমাকে ঈশ্বর কর্তৃক অনুমোদিত অনেক পরীক্ষা এবং ক্লেশ সহ্য করতে হয়েছিল। আমার উপর প্রচণ্ড আর্থিক চাপ ছিল, কারণ তখনও আমার পক্ষে একটি স্থায়ী পরিচর্যার সদর দপ্তর স্থাপনের সম্ভাবনা আমার আয়ত্তের বাইরে ছিল। পরিণতিস্বরূপ, আমাকে অবিরত এক জায়গা থেকে আরেক জায়গায়, বাসস্থান এবং কার্যালয় স্থানান্তরিত করতে হচ্ছিল।

১৯৮০ সালে, দুর্দশা আমাকে বিশেষ তীব্রতার সাথে আঘাত করেছিল। প্রচণ্ড জ্বর এবং ব্যথায় আমার শরীর, বিশেষ করে আমার ঘাড়ের ব্যথায় আমি জর্জরিত হয়েছিলাম। আমি নিজেকে একটি ভয়ানক অবস্থার মধ্যে খুঁজে পেয়েছিলাম। আমি যে এলাকায় পরিচর্যা করছিলাম সেটা ছিল অখ্রীষ্টিয় এলাকা, সেখানকার লোকেরা আমাকে সম্পূর্ণ বিচ্ছিন্ন এবং অসমর্থিত করে দিয়েছিল, যা আমার যন্ত্রণাকে আরও বৃদ্ধি করেছিল। আমার অসুস্থতা এবং নিঃসঙ্গতার এই গভীর সময় চলাকালীন, আমি একটা বন্ধুর কাছে গিয়েছিলাম, একটা রাত্রির জন্য আমি তার সঙ্গ চেয়েছিলাম। আমি আগে তাকে সাহায্য করা সত্ত্বেও, সে অসহায়ভাবে প্রত্যাখ্যান করেছিল। এই নিঃসঙ্গতার মধ্যে, আমি সারারাত অকল্পনীয় শারীরিক এবং মানসিক যন্ত্রণা ভোগ করেছিলাম। পরদিন সকালেসেখানে কয়েক জন দয়ালু ব্যক্তি আমাকে সরকারী হাসপাতালে নিয়ে গিয়েছিল, যেখানে আমি আরেকবার আমার নিঃসঙ্গতার আঘাতের সম্মুখীন হয়েছিলাম। সারাদিন অসহ্য যন্ত্রণা ভোগ করার পর, চিকিৎসক কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছিল যে অপারেশন অত্যন্ত জরুরী। যাইহোক, পরিস্থিতির কথা মনে রেখে, আমি এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাওয়ার জন্য আমার নাম নথিভুক্ত করেছিলাম, তথাপি আমি প্রার্থনাও করতে থাকলাম। ঈশ্বরের কাছে আমার অন্তরের সমস্ত কথা জানিয়ে, জাগতিক সমস্ত আরামের সুযোগ থাকা সত্ত্বেও, আমাকে আমার পরিচর্যা কাজে যে বিপুল সংখ্যক চ্যালেঞ্জগুলির সম্মুখীন হতে হয়েছিল, আমি সেই সমস্ত বিষয়গুলি ঈশ্বরের কাছে বলেছিলাম। **"আমি তোমাকে আমার পরিকল্পনা বলেছি আর তুমি আমাকে উত্তর দিয়েছ"** (গীত ১১৯:২৬)।

তারপর, ঈশ্বর কর্তৃক নিরূপিত এক রাত্রিতে আমি যখন আকুলভাবে প্রার্থনা করছিলাম, আমি আমার উপর ঈশ্বরের আরোগ্যকারী হস্তের স্বর্গীয় স্পর্শ অনুভব করেছিলাম। আমার সমস্ত সত্তা এই বিষয়ে প্রত্যয়ী হয়ে উঠেছিল এবং সঙ্গে সঙ্গে আমি উপস্থিত ডাক্তারের কাছে আমার অভিজ্ঞতার কথা জানিয়েছিলাম। সহানুভূতির সঙ্গে আমাকে সাড়া দিয়ে ডাক্তার মন্তব্য করেছিলেন, "আমি বুঝতে পেরেছি। অনেক খ্রীষ্টান চিকিৎসা গ্রহণ করতে অস্বীকার করেন, তারা দাবি করেন যে যীশু খ্রীষ্ট তাদের সুস্থ করেছেন। আপনিও এই ধরণের ঘোষণা করছেন।" তিনি সার্জারী করার বিষয় কোনও জোর না করেই এবং কোনও ওষুধ না লিখেই আমাকে হাসপাতাল থেকে ছেড়ে দিয়েছিলেন। সত্যিই, আমার বিশ্বাস অনুসারে ঈশ্বর তাঁর ক্ষমতা প্রকাশ করেছিলেন, আমি যখন তাঁকে বিশ্বাস করেছিলাম তিনি আমাকে আমার সমস্ত দুর্দশা থেকে উদ্ধার করেছিলেন।



যীশু খ্রীষ্টের স্বর্গীয় স্পর্শ

ঈশ্বর প্রায় ৩৬ বছর আগে আমাকে সম্পূর্ণ সুস্থ করেছিলেন, এবং সেই থেকে, ঐ রোগ আমাকে আর কখনও স্পর্শ করেনি। অসমতল এবং খারাপ রাস্তায় গাড়ী চালনোর সময় আর কখনও আমি পিঠে এবং ঘাড়ে ব্যাথা অনুভব করিনি। প্রতিদিন আমাকে প্রায় কুড়ি ঘণ্টা কাজ করতে হয়, অফিসের কাজে এবং প্রচারের কাজে আমাকে যুক্ত থাকতে হয়, তথাপি খুব কমই ক্লান্তিতে কষ্ট পেয়েছি। ঈশ্বরের আরোগ্যকারী স্পর্শ আমাকে কেবল মারাত্মক দুর্দশা থেকেই নিষ্কৃতি দেয়নি,কিন্তু তিনি আমাকে প্রচুর পরিমাণে আশীর্বাদ করেছেন। প্রথম দিকে আমার পক্ষে কেবল একটাই বন্ধু ছিল, কিন্তু এখন, ঈশ্বর সারা পৃথিবীতে আমার বন্ধুবলয় বিস্তৃত করেছেন, আমাকে এবং আমার পরিচর্যাকে সমৃদ্ধ করেছেন।

প্রিয় বন্ধুগণ, সর্বোপরি আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দারুণভাবে আমাদের পক্ষে আছেন,এই পৃথিবীর অন্ধকারের মধ্যে দিয়ে আমাদের পথ দেখাচ্ছেন। আপনার প্রকৃতবন্ধু এবং ঈশ্বররূপে তাঁকে গ্রহণ করুন, এবং তিনি নিরুপিত সময়ে ধার্মিকতার পথ উজ্জ্বল করবেন। আপনি যদি এখনও আপনার প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে তাঁকে গ্রহণ না করে থাকেন, তাহলে এখনই তা করুন, এবং তাঁর স্বর্গীয় পরিচালনার অধীনে সেবা কাজে প্রবৃত্ত হন। তাঁর নেতৃত্ব প্রতিদিন আমাকে বাঁচিয়ে রাখে, এবং আমি নিশ্চিত যে তিনি আপনার প্রতিও একই কাজ করবেন।

যিশাইয় ৪৩:১৯ পদে ঘোষণা করা হয়েছে, **"...আমি মরুভূমির মধ্যে দিয়ে পথ ও প্রান্তরের মধ্যে দিয়ে নদনদী তৈরী করব।"**

*******

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

আপনি যদি আজ আপনার সন্তানের জন্য আকুলভাবে প্রার্থনা করেন, যে কোনও কারণে, আপনি যদি উচ্চরবে প্রভুর কাছে ক্রন্দন করেন, তাহলে তিনি নিশ্চয় আপনার সন্তানের প্রয়োজনগুলি পূরণ করবেন। সেই প্রভুর অন্বেষণ করুন, যিনি ক্রুশের উপর মৃত্যুবরণ করার দ্বারা এবং পুনরায় উত্থিত হওয়ার দ্বারা, আমাদের সকলের জন্য বিজয় নিশ্চিত করেছেন।

### *(খ) তিনি যখন উচ্চরবে ক্রন্দন করেছিলেন, তখন তিনি তার পুত্রের পক্ষে দাঁড়িয়েছিলেন:*

হাগার তার পুত্রের ভূমিকা গ্রহণ করেছিলেন এবং প্রার্থনা করেছিলেন যখন তার পুত্রের একটা কথাও উচ্চারণ করার শক্তি ছিল না। এই মর্মস্পর্শী মুহূর্তে, একজন মায়ের ভালোবাসা সব কিছুকে ছাপিয়ে গিয়েছিল যখন তিনি তাঁর মুমূর্ষু পুত্রের হয়ে মধ্যস্থতা করেছিলেন। তার পুত্রের সমস্ত শক্তি ফুরিয়ে গিয়েছিল এবং সে হতাশার কাছে নতিস্বীকার করেছিল। তথাপি,তার পরিবর্তে, তিনি মুখ খুলেছিলেন এবং চিৎকার করে ক্রন্দন করেছিলেন।

এটি মাতৃত্বের ত্যাগপূর্ণ স্বভাবের একটি সাক্ষ্য, যা আমাদের সন্তানদের জন্য মধ্যস্থতা করার বিষয় আমাদের কাছে সনির্বন্ধ অনুরোধ করে। সম্ভবত আপনার একটা পুত্র অথবা কন্যা আছে যে ঈশ্বরের ভালোবাসা থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে অথবা মানসিক অথবা শারীরিক অস্থিরতায় কবলিত হয়ে আছে। এমনকী তারা যদি প্রার্থনা এবং বিশ্বাসকে সেকেলে বলে মনে করে, আপনি তাদের জন্য ফাটলে দাঁড়াতে পারেন। ফাটলে দাঁড়ানোর জন্য, একজন মাকে তাদের আত্মিক এবং জাগতিক প্রয়োজনগুলির জন্য আকুলভাবে প্রার্থনা করতে হবে, তাদের হয়ে ঈশ্বরের কাছে সনির্বন্ধ অনুরোধ করতে হবে।

যখন মা প্রার্থনা করেছিলেন, ঈশ্বর শুনেছিলেন এবং উত্তর দিয়েছিলেন।

আমাদের সন্তানদের মঙ্গলের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করা আমাদের একান্ত কর্তব্য। আসুন, আমরা মায়েরা, আমরা প্রার্থনায় আমাদের রব তুলে ধরি, আমাদের সন্তানদের জন্য এবং নাতিনাতনীদের জন্য ক্রন্দন করি।

### *(গ) মা যখন ক্রন্দন করেছিলেন, ঈশ্বর পুত্রটিকে আশীর্ব্বাদ করেছিলেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রকাশ করেছিলেন! ১৮-২০ পদ*

মা যখন ক্রন্দন করেছিলেন এবং আবেদন জানিয়েছিলেন, ঈশ্বর তখন কেবল আশ্চর্যভাবে জলই দেননি কিন্তু তিনি তার পুত্রকে জীবন দান করেছিলেন। তিনি তাকে একটি দুর্দমনীয় চরিত্রে রূপান্তরিত করেছিলেন, এক সুমহান ভাগ্যের আভাস দিয়েছিলেন। এছাড়াও, মায়ের আকুল মিনতির উদ্দেশে সাড়াদানে, ঈশ্বর তার কাছে ইশ্মায়েলের ভবিষ্যতের পর্দা উন্মোচিত করেছিলেন।



হাগারের পুত্র



ঈশ্বরের দূত হাগারের সঙ্গে কথা বলেছিলেন

**"ছেলেটিকে তুলে তার হাত ধরো, কারণ আমি তাকে এক মহাজাতিরূপে গড়ে তুলব"** (আদিপুস্তক ২১:১৮)।

মায়েরা যখন প্রার্থনা করে, তখন আমাদের সন্তানদের ভবিষ্যত সম্পর্কে স্বর্গীয় প্রত্যাদেশ উন্মোচিত হয়। আমাদের অন্য জায়গায় উত্তরগুলো খুঁজতে হয় না; ঈশ্বর প্রার্থনাশীল মায়েদের কাছে তা প্রকাশ করেন। সেই কারণে, আসুন আমরা প্রার্থনাশীল মায়ের পোশাক গ্রহণ করি, আমাদের সন্তানদের জন্য ক্রন্দন করতে এবং ফাটলে দাঁড়ানোর জন্য প্রস্তুত হই।

*******

> **তোমার সন্তানেরা সকলে সদাপ্রভুর কাছ থেকে শিক্ষা পাবে,**
>
> **তোমার ছেলেমেয়েরা মহাশান্তি ভোগ করবে।**
>
> - যিশাইয় ৫৪:১৩


## জরুরী প্রয়োজন

**আহ্বানের প্রতিধ্বনির**
**নহিমিয় বাইবেল কলেজ, চেন্নাই**
**হিন্দি ভাষা**
**এটিএ - রেজিস্টার্ড ক্যানডিডেট ফর মেম্বারশিপ**

### ডীন (আবাসিক)

এম ডিভ সহ হিন্দি ভাষায় ঈশতত্ত্ববিদ/ এমটিএইচ ডিগ্রী এবং অভিজ্ঞতাসহ।

বায়োডাটাসহ আবেদন করুন:

E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858


## অনুগ্রহ করে মনোযোগ দিন

### পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভূক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : S. Sam Selva Raj |
| A/C No. | : 1023 2934 679 |
| IFSC | : SBIN 00 00 249 |

SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

| | |
|---|---|
| Branch | : Anna Salai, Chennai-6 |
| Name | : Echo of His Call |
| A/C No. | : 6038 0502 2319 |
| IFSC | : ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : Echo of His Call Educational Trust |
| A/C No. | : 1023 2923 805 |
| IFSC | : SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th MAY 2024
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## JESUS LOVES YOU!

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**